



দেশজুড়ে

বান্দরবানে কলাগাছের আঁশ থেকে সুতা উৎপাদন শুরু

ন

বান্দরবান প্রতিনিধি

Share 0



নয়া শতাব্দী অনলাইনের সর্বশেষ নিউজ পেতে অনুসরণ করুন [গুগল নিউজ \(Google News\)](#) ফিডটি।

বান্দরবানে কলাগাছের আঁশ থেকে কাপড় বুননের সুতা উৎপাদন ও কাপড় বুননের প্রশিক্ষণ শুরু হয়েছে।

সোমবার (৬ ফেব্রুয়ারি) সকালে বান্দরবানের জেলা প্রশাসকের উদ্যোগে সার্কিট হাউসের হলরুমে এই প্রশিক্ষণ কর্মসূচি শুরু হয়।

এ সময় প্রধান অতিথি হিসেবে জেলা প্রশাসক ইয়াছমিন পারভীন তিবরীজি কলাগাছের আঁশ থেকে কাপড় বুননের সুতা উৎপাদন ও কাপড় বুননের প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেন।

আরো খবর

[বান্দরবানে র্যাভের সাথে গোলাগুলি, ৫ সন্ত্রাসী আটক](#)

অনুষ্ঠানে স্থানীয় সরকারের উপ-পরিচালক (উপসচিব) মো. লুৎফুর রহমান, মহিলা বিষয়ক অধিদফতরের উপ-পরিচালক আতিয়া চৌধুরী, নির্বাহী ম্যাজিস্ট্রেট রাজিব কুমার বিশ্বাস, সুতা ও কাপড় তৈরির প্রশিক্ষক রাধাবতি দেবি, স্যামন্ত কুমার সিংহ, বান্দরবান বিশ্ববিদ্যালয়ের প্রভাষক সাইং উ নিনিসহ বান্দরবানের বিভিন্ন সংগঠনের নারী নেত্রী ও প্রশিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে জেলা প্রশাসক ইয়াছমিন পারভীন তিবরীজি প্রধান অতিথির বক্তব্যে বলেন, নারীদের উন্নয়নে কাজ করে যাচ্ছে বান্দরবান জেলা প্রশাসন। জেলা প্রশাসনের উদ্যোগে বান্দরবানের নারীদের অর্থনৈতিক গতি আরো ত্বরান্বিত করতে বিভিন্ন প্রশিক্ষণ চলমান রয়েছে আর কলাগাছের আঁশ থেকে কাপড় বুননের সুতা উৎপাদন ও কাপড় বুননের প্রশিক্ষণ নারীদের আরো এগিয়ে নেবে।

আরো খবর

নব উদ্যমে যাত্রা শুরু করলো বান্দরবান ডায়াবেটিক সমিতি

এ সময় জেলা প্রশাসক ইয়াছমিন পারভীন তিবরীজি আরো বলেন, প্রধানমন্ত্রী সম্প্রতি জেলা প্রশাসকদের ২৫টি নির্দেশনা প্রদান করেছেন যার মধ্যে নারীদের উন্নয়ন এবং স্থানীয় পণ্যের প্রচার ও প্রসারের প্রতি গুরুত্ব দিয়েছেন আর আমাদের বান্দরবানের নারীদের উন্নয়নে আমরা সবাই কাজ করে যাচ্ছি। এ সময় জেলা প্রশাসক নারীদের ঘরের কোণে বসে না থেকে বিভিন্ন শিক্ষামূলক প্রশিক্ষণ গ্রহণ এবং নিজ নিজ গুণে নিজেকে প্রতিভাবান করে নিজের পায়ে নিজেকে দাঁড়ানো এবং নারীদের অর্থনৈতিক অবস্থার উন্নয়নের ওপর বিশেষ জোর দেন।

আয়োজকরা জানান, এবারের প্রশিক্ষণে জেলা সদরের ৩০ জন প্রশিক্ষার্থী অংশগ্রহণ করছে আর এই প্রশিক্ষণ চলবে আগামী দুই সপ্তাহ পর্যন্ত। আর এই প্রশিক্ষণের মাধ্যমে পার্বত্য জেলার নারীরা কলাগাছের আঁশ থেকে কাপড় বুননের সুতা উৎপাদন এবং কাপড় বুননের বিশদ প্রশিক্ষণ পেয়ে লাভবান হবে এই শিল্পের সাথে জড়িত হয়ে তাদের অর্থনৈতিক অবস্থার ব্যাপক উন্নয়ন হবে।

আরো খবর

বরই চাষে সফল পাহাড়ের চাষিরা

নয়াশতাব্দী/জেডএম

নয়া শতাব্দী ইউটিউব চ্যানেলে সাবস্কাইব করুন




Naya Shatabdi

YouTube



আঁশ



বান্দরবান

মন্তব্য করুন

0 comments

Sort by Oldest



Add a comment...

Facebook Comments Plugin

এ সম্পর্কিত আরো খবর



কেএনএফ সদস্যের মরদেহ পরিবারের কাছে হস্তান্তর



জাতীয় মহাসড়কে যুক্ত হলো বান্দরবান, শীঘ্রই উদ্বোধন



পর্যটকদের স্বাগতম জানাতে পার্বত্যমন্ত্রীর সহধর্মিণীর উদ্যোগ

সর্বশেষ

জনপ্রিয়

১ | ঋণ করে শোধ!

২ | ঢাকায় পুলিশের অভিযানে গ্রেফতার ৫১

৩ | চবিতে ছাত্রলীগের ৩ গ্রুপের সংঘর্ষ, আহত ৬

বুলেটিন



পাকিস্তানে সড়ক দুর্ঘটনায় নিহত ২১



তুরস্ক-সিরিয়ায় মৃত্যু ৭৮০০ ছাড়াল



এইচএসসির ফল প্রকাশ আজ



তুরস্কের